

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল  
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.১১১

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭

০২ সেপ্টেম্বর ২০২০

বিষয়: “সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন গুরুত্বপূর্ণ মহাসড়কে পণ্য পরিবহনের উৎসমুখে এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় গাজীপুর জেলার গাজীপুর সদর উপজেলার গাজীপুর সড়ক বিভাগাধীন ঢাকা (বনানী)-জয়দেবপুর-ময়মনসিংহ (এন-৩) মহাসড়কের ২৮ তম ও ২৯ তম কি: মি: (অংশ) এর উত্তর শালনা মৌজায় ৬.৪৮৬০ একর এবং ৩২ তম ও ৩৩ তম কি: মি: (অংশ) এর আড়াইশ প্রসাদ মৌজায় ৬.৬৯০০ একর সর্বমোট ১৩.১৭৬০ বা ৫.৩৩৪৪১ হেক্টর জমি অধিগ্রহণের নিমিত্ত অনাপত্তি পত্র প্রদান সংক্রান্ত।

সূত্র: নির্বাহী প্রকৌশলী, সওজ এর স্মারক নং-১৪৮৭, তারিখ: ১২/০৮/২০২০ ইং।

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক জানানো যাচ্ছে যে, “সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন গুরুত্বপূর্ণ মহাসড়কে পণ্য পরিবহনের উৎসমুখে এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় গাজীপুর জেলার গাজীপুর সদর উপজেলার গাজীপুর সড়ক বিভাগাধীন ঢাকা (বনানী)-জয়দেবপুর-ময়মনসিংহ (এন-৩) মহাসড়কের ২৮ তম ও ২৯ তম কি: মি: (অংশ) এর উত্তর শালনা মৌজায় ৬.৪৮৬০ একর এবং ৩২ তম ও ৩৩ তম কি: মি: (অংশ) এর আড়াইশ প্রসাদ মৌজায় ৬.৬৯০০ একর সর্বমোট ১৩.১৭৬০ বা ৫.৩৩৪৪১ হেক্টর জমি অধিগ্রহণের নিমিত্ত অনাপত্তি পত্র চেয়ে আবেদন করেছে। মৌজা (ম্যাপ সংযুক্তি-০১) শিডিউল নিম্নরূপ:

উপজেলা নাম	মৌজা নাম	জে এল নং	শিট নং	আর এস দাগ নং	জমির পরিমান (একর)	পূর্ণ/আংশিক
জয়দেবপুর	উত্তর শালনা	১৫	০২	১০৫৯, ১০৫৫, ১০৫৬, ১০৫৮, ১০৫৩, ১০৫২, ১০৫১, ১০৫০, ১০৪৯, ১০৪৬, ১০৪৫, ১০৪৪, ১০৪৩, ১০৪২, ১০৪১, ১০৪০, ১০৩৯, ১০৩৮, ১০৩৭, ১০৩৬, ১০৩৫, ১০৩১	৬.৪৮৬০	আংশিক
জয়দেবপুর	আড়াইশ প্রসাদ	১৮	০৭	৬০৫৮, ৬০৭৮, ৬০৭৭, ৬০৮৫, ৬০৮৬, ৬০৮৭, ৬২৪১, ৬২৪৩, ৬২৪৪	৬.৬৯০০	আংশিক
মোট=					১৩.১৭৬০	

তদু প্রেক্ষিতে উক্ত এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে (গুগল ম্যাপ, সংযুক্তি-০২)। পরিদর্শন প্রতিবেদন

(সংযুক্তি-০৩) অনুযায়ী, উত্তর সালনা মৌজায় প্রস্তাবিত ৬.৪৮৬০ একর জমিটি ঢাকা (বনানী)- জয়দেবপুর-ময়মনসিংহ (এন-৩) মহাসড়কের পূর্ব পাশে অবস্থিত। প্রস্তাবিত জমিতে ২ টি ছোট আকারের পুকুর, বেশকিছু টিনশেড ঘর, সেমিপাকা ঘর, দুইতলা, তিনতলা ও চারতলা বিশিষ্ট আবাসিক ভবনসহ বসতবাড়ি, একটি নির্মাণাধীন ভবন, প্রায় ১০ ফুট চওড়া একাট কাঁচা রাস্তা ও একটি পাকা রাস্তা এবং নীচু জমি যাতে কিছু ছোট-বড় গাছপালা এবং পানিতে নিমজ্জিত রয়েছে। এছাড়া প্রস্তাবিত জমিতে রাস্তা নির্মাণ কাজে ব্যবহারকৃত অস্থায়ী মেশিনারী ওয়ার্কশপ, স্যানিটারী কারখানা, সালনা টেক্স লিমিটেড (আর. এস. দাগ নং-১০৪৩, ১০৪৪ ও ১০৪৫) এর চারতলা ভবনসহ কয়েকটি সেমিপাকা ঘর, গরুর একটি অস্থায়ী খামার, একটি বীট তৈরীর কারখানা, থ্রি-স্টার ইন্জিনিয়ারিং ওয়ার্কসপ এন্ড বডি বিল্ডার্স ও সৈকত বডি বিল্ডার্স অবস্থিত। আড়াইশ প্রসাদ মৌজায় প্রস্তাবিত ৬.৬৯০০ একর জমিটি ঢাকা (বনানী)- জয়দেবপুর-ময়মনসিংহ (এন-৩) মহাসড়কের পশ্চিম পাশে অবস্থিত। প্রস্তাবিত জমির মধ্যে রাস্তা নির্মাণ কাজে ব্যবহারকৃত অস্থায়ী মেশিনারী ওয়ার্কশপ কয়েকটি টিনশেড ঘর, প্রায় ১০ ফুট চওড়া দুইটি পাকা রাস্তা ও একটি কাঁচা রাস্তা এবং আংশিক কৃষি জমি রয়েছে। এছাড়া প্রস্তাবিত জমিতে বনবিভাগের জমি রয়েছে।

এমতাবস্থায়, গাজীপুর জেলার উত্তর সালনা মৌজায় এবং আড়াইশ প্রসাদ মৌজায় সড়ক বিভাগের এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন এর জন্য পরিদর্শন প্রতিবেদন এবং নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রস্তাবিত উত্তর সালনা মৌজায় ৬.৪৮৬০ (ছয় দশমিক চার আট ছয় শূন্য) একর ও আড়াইশ প্রসাদ মৌজায় ৬.৬৯০০ (ছয় দশমিক ছয় নয় শূন্য শূন্য) একর সর্বমোট ১৩.১৭৬০ (তের দশমিক এক সাত ছয় শূন্য) একর বা ৫.৩৩৪৪১ (পাঁচ দশমিক তিন তিন চার চার এক) হেক্টর জমি অধিগ্রহণে নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের কোন আপত্তি নাই।

০১. প্রস্তাবিত জমির সীমানা সংলগ্ন স্থানে রাস্তার জমি সংরক্ষন পূর্বক নিজস্ব Access Road তৈরী করতে হবে।

০২. বন বিভাগের ও পরিবেশ অধিদপ্তরের অনাপত্তি পত্র গ্রহন করতে হবে।

০৩. প্রস্তাবিত জমিতে বিদ্যমান বাণিজ্যিক এবং ইন্ডাস্ট্রিয়াল ভবন এর ক্ষেত্রে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/ইউনিয়ন পরিষদ হতে ছাড়পত্র নিতে হবে।

০৪. প্রস্তাবিত জমিতে দুইটি (০২) পুকুর রয়েছে যা জালাধার সংরক্ষন আইন, ২০০০ অনুযায়ী সংরক্ষন করতে হবে এবং উক্ত এলাকার পানির প্রবাহ অক্ষুন্ন রাখতে হবে।


উল্লেখ্য যে, এই অনাপত্তি গাজীপুর জেলায় সড়ক বিভাগ কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

### সংযুক্তি:

০১. প্রকল্প এলাকার মৌজা ম্যাপ।

০২. প্রকল্প এলাকা চিহ্নিতপূর্বক গুগল ম্যাপ।

০৩. পরিদর্শন প্রতিবেদন।



২-৯-২০২০

আহমেদ আখতারুজ্জামান

সিনিয়র প্ল্যানার

মুহাম্মদ সাইফউদ্দিন, নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ,  
গাজীপুর।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.১১১/১(৪)

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭  
০২ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি দপ্তরের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৪) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর



২-৯-২০২০

জাকিয়া সুলতানা

প্ল্যানার